শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০২.০০০০.০০৬.১৬.০২৪.২১-৭৯৬ তারিখ : 24/02/2022

বিষয় : জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী 'সেবা সহজিকরণ' এর আওতায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ ভাতা প্রদানের নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে প্রণীত ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১.২ নং ক্রমিকে ১.২.১ এর বিধান অনুযায়ী জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার 'সেবা সহজিকরণ' এর আওতায় পাইলটিং হিসেবে সংস্থার অধীন নির্ধারিত ৩০টি জেলা এবং ১০টি উপজেলায় পরিচালিত ''সেলাই ও এমব্রয়ডারী'' প্রশিক্ষণ ট্রেডের প্রশিক্ষণ ভাতা বিতরণে স্বচ্ছতা ও প্রকৃত প্রশিক্ষণার্থীদের ভাতা নিজস্ব একাউন্টে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সরাসরি প্রদানের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয় এবং বাংলাদেশ ডাক বিভাগের অধীন ''নগদ'' লিমিটেড এর মাধ্যমে বাস্তবায়নের জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

এ উদ্যোগটি বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় মহিলা সংস্থার ৩০টি জেলা এবং ১০টি উপজেলায় ১ বছরের জন্য পাইলটিং হিসেবে (০১/০১/২০২২ হতে ৩১/১২/২০২২ পর্যন্ত মেয়াদে) বাংলাদেশ ডাক বিভাগের অধীন ''নগদ'' লিমিটেড এর মাধ্যমে বাস্তবায়ন করার লক্ষ্যে গত ২০/০২/২০২২ ইং তারিখ জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ ডাক বিভাগ এবং ডাক বিভাগের অধীন ''নগদ'' লিমিটেড এর সাথে ত্রিপক্ষীয় ''সমঝোতা চুক্তি'' স্বাক্ষরিত হয়েছে।

**জেলা সমূহ : ১। ঢাকা ২। রাজশাহী ৩। লক্ষীপুর ৪। চট্টগ্রাম ৫। ভোলা ৬। পটুয়াখালী ৭। গোপালগঞ্জ ৮। টাঙ্গাইল ৯। ব্রাহ্মণবাড়িয়া ১০। পঞ্চগড় ১১। কিশোরগঞ্জ ১২। মুন্সিগঞ্জ ১৩। নরসিংদী ১৪। রাজবাড়ী, ১৫। কুমিল্লা ১৬। রাঙ্গামাটি ১৭। খুলনা ১৮। বাগেরহাট ১৯। নড়াইল ২০। মেহেরপুর, ২১। চাঁপাইনবাবগঞ্জ ২২। জয়পুরহাট ২৩। নাটোর ২৪। হবিগঞ্জ ২৫। সিলেট ২৬। নেত্রকোনা ২৭। জামালপুর ২৮। গাইবান্ধা ২৯। কুড়িগ্রাম ৩০। ঝালকাঠি।**

**উপজেলা সমূহ : ১। ধামরাই ২। মাটিরাঙ্গা ৩। ভেড়ামারা ৪। নলছিটি ৫। শিবচর ৬। মুক্তাগাছা ৭। দেবিদ্বার ৮। নন্দিগ্রাম ৯। মনিরামপুর ১০। গৌরনদী ।**

কার্যক্রমটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা ও উপজেলা অফিস সমূহের নির্দেশনা নিম্নরূপ :

১। প্রাথমিক পর্যায়ে জাতীয় মহিলা সংস্থার নির্বাচিত ৩০টি জেলা ও ১০টি উপজেলার আওতায় সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণে সেবা গ্রহীতাদের ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংস্থার প্রধান কার্যালয় হতে সরবরাহকৃত নির্ধারিত ফরমে সংগ্রহ করতে হবে।

২। বাংলাদেশ ডাক বিভাগের অধীন ''নগদ'' লিমিটেড এর মাধ্যমে সেবা গ্রহীতাদের ডাটাবেইজ তৈরী ও ভাতা প্রদানের সুবিধার্থে সেবা গ্রহীতাদের নিজস্ব মোবাইল নম্বর অবশ্যই ১১ডিজিট হতে হবে (যে নম্বরে অর্থ পেতে ইচ্ছুক) এবং NID নম্বর অবশ্যই ১০/১৩/১৭ ডিজিট হতে হবে।

শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

৩। সংস্থার নির্ধারিত জেলা ও উপজেলার আওতায় সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ কোর্স শেষ হওয়ার ৩ কর্মদিবসের মধ্যে সংস্থার প্রধান কার্যালয়ের ই-মেইল নং- jms.trainee.info@gmail.com এ হাজিরা সীটসহ সংযুক্ত MS Excel ছক (ইংরেজিতে) পুরণ করে সফ্ট কপি ও নির্বাহী পরিচালক বরাবর হার্ড কপি (স্বাক্ষর ও সীলসহ) প্রেরণ করতে হবে।

৪। বাংলাদেশ ডাক বিভাগের অধীন ''নগদ'' লিমিটেড এর মাধ্যমে প্রণীত MS Excel ফরম যথাযথভাবে পূরণের লক্ষ্য সংশ্লিষ্ট জেলা ও উপজেলায় কর্মরত কর্মকর্তাদের যথাশীঘ্র সম্ভব প্রশিক্ষণের ব্যাবস্থা গ্রহণ করা হবে।

৫। সেবা গ্রহীতাদের হাজিরা সীটসহ ও তথ্য সম্বলিত MS Excel ছক প্রাপ্তির পর সংস্থার হিসাব শাখার কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে গঠিত ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি ৩দিনের মধ্যে হাজিরা যাচাই পূর্বক প্রশিক্ষণ ভাতার হিসাব চূড়ান্ত করে ''নগদ'' লিমিটেড এর ব্যবস্থাপনায় সেবা গ্রহীতাদের নিজ নিজ একাউন্টে বিতরণের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে ডাক বিভাগের অধীন ''নগদ'' লিমিটেড বরাবর পত্র জারী করবেন।

৬। বাংলাদেশ ডাক বিভাগের অধীন ''নগদ'' লিমিটেড, জাতীয় মহিলা সংস্থার নির্ধারিত ৩০টি জেলা ও ১০টি উপজেলা কার্যালয়ে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ ট্রেডের প্রশিক্ষণার্থীদের বিনা খরচে তাদের নামের বিপরীতে একটি করে হিসাব খুলে দিবেন এবং উক্ত হিসাবে সেবা গ্রহীতা তার প্রাপ্ত প্রশিক্ষণ ভাতা পাবেন।

৭। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা উদ্যোক্তা বা এজেন্ট পয়েন্ট এর মাধ্যমে উত্তোলনের সময় প্রাপ্ত ভাতার অর্থ হতে ০.৭% ক্যাশ আউট চার্জ কর্তন করা হবে।

এমতাবস্থায়, উপরে বর্ণিত নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্ধারিত ৩০টি জেলা ও ১০টি উপজেলায় কর্মরত কর্মকর্তাকে অনুরোধ জানানো হলো। এ আদেশ ০১/০১/২০২২ তারিখ হতে কার্যকর হবে।

সংযুক্তি : ১। MS Excel ফরম ।
২। ফর্তি ফরম ।

22/2/2022

(তাহসিনা বেগম)
উপপরিচালক (উপসচিব), প্রশাসন ও অর্থ
জাতীয় মহিলা সংস্থা
ফোন: ৯৩৫১৬৫৮

স্মারক নং-৩২.০২.০০০০.০০৬.১৬.০১৮.১৯ - ৭৯৬

তারিখ : 22/02/2022

বিতরণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে:

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ডাক বিভাগের অধীন ''নগদ'' লিমিটেড।
২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
৩। সহকারী পরিচালক (হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
৫। নির্বাহী কর্মকর্তা/জেলা কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা, রাজশাহী, লক্ষীপুর, চট্টগ্রাম, ভোলা, পটুয়াখালী, গোপালগঞ্জ, টাঙ্গাইল, ব্রাহ্মণবাড়িয়া, পঞ্চগড়, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ , নরসিংদী, রাজবাড়ী, কুমিল্লা, রাঙ্গামাটি, খুলনা, বাগেরহাট, নড়াইল, মেহেরপুর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নাটোর, হবিগঞ্জ, সিলেট, নেত্রকোনা, জামালপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম,ঝালকাঠি জেলা কার্যালয়, জাতীয় মহিলা সংস্থা।
৬। উপজেলা সংগঠক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ধামরাই, মাটিরাঙ্গা, ভেড়ামারা, নলছিটি, শিবচর, মুক্তাগাছা, দেবিদ্বার, নন্দিগ্রাম, মনিরামপুর ও গৌরনদী উপজেলা, জাতীয় মহিলা সংস্থা।

শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

অনুলিপি:

১। জেলা চেয়ারম্যান, ঢাকা, রাজশাহী, লক্ষীপুর, চট্টগ্রাম, ভোলা, পটুয়াখালী, গোপালগঞ্জ, টাঙ্গাইল, ব্রাহ্মণবাড়িয়া, পঞ্চগড়, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ , নরসিংদী, রাজবাড়ী, কুমিল্লা, রাঙ্গামাটি, খুলনা, বাগেরহাট, নড়াইল, মেহেরপুর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নাটোর, হবিগঞ্জ, সিলেট, নেত্রকোনা, জামালপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম,ঝালকাঠি জেলা কার্যালয়, জাতীয় মহিলা সংস্থা।

২। উপজেলা চেয়ারম্যান, ধামরাই, মাটিরাঙ্গা, ভেড়ামারা, নলছিটি, শিবচর, মুক্তাগাছা, দেবিদ্বার, নন্দিগ্রাম, মনিরামপুর ও গৌরনদী উপজেলা, জাতীয় মহিলা সংস্থা।

৩। জাতীয় মহিলা সংস্থার ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, জামস।

৪। ব্যাক্তিগত সহকারী, চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/পরিচালক/উপপরিচালক জাতীয় মহিলা সংস্থা।

৫। অফিস কপি।

২৪/২/২০২২

(তাহসিনা বেগম)
উপপরিচালক (উপসচিব), প্রশাসন ও অর্থ
জাতীয় মহিলা সংস্থা
ফোন: ৯৩৫১৬৫৮